

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৩২

১. ইখলাস (كتاب الإخلاص)

পরিচ্ছেদঃ ২) রিয়া থেকে সতর্কীকরণ, কোন ব্যাক্তি রিয়ার আশংকা করলে কি বলবে

الترهيب من الرياء وما يقوله من خاف شيئا منه

আরবী

(صحيح) عَنْ مَحْمُودِ بْنِ لَبِيدٍ أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِنَّ أَخْوَفَ مَا أَخَافُ عَلَيْكُمُ الشِّرْكُ الْأَصْغَرُ يَا رَسُولَ اللَّهِ قَالَ: الرِّيَاءُ، يَقُولُ اللَّهُ عَنَّ وَجَلَّ لَهُمْ يَوْمَ الْقِيَامَةِ إِذَا جُزِيَ النَّاسُ بِأَعْمَالِهِمُ اذْهَبُوا إِلَى الَّذِينَ كُنْتُمْ تُرَاءُونَ فِي النَّاسُ بِأَعْمَالِهِمُ اذْهَبُوا إِلَى الَّذِينَ كُنْتُمْ تُرَاءُونَ فِي الدَّنيا فَانْظُرُوا هَلْ تَجِدُونَ عِنْدَهُمْ جَزَاءً (رواه أحمد بإسناد جيد وابن أبي الدنيا والبيهقي في الزهد وغيره)

বাংলা

৩২. (সহীহ্) মাহমূদ বিন লাবীদ (রাঃ) থেকে বর্ণিত। রাস্লুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ

"তোমাদের উপর সবচেয়ে ভয়ানক যে বিষয়ের আমি আশংকা করছি তা হল শির্ক আসগার (ছোট শির্ক)।" তারা বললেনঃ ছোট শির্ক কী হে আল্লাহর রাসূল?

তিনি বললেনঃ ''রিয়া। সম্মানিত আল্লাহ যখন মানুষকে তাদের কর্মফল দান করবেন তখন বলবেনঃ দুনিয়ায় যাদেরকে দেখানোর উদ্দেশ্যে তোমরা আমল করতে তাদের কাছে যাও। দেখ, তাদের কাছে কোন প্রতিদান পাও কি না?''

(উত্তম সনদে হাদীছটি বর্ণনা করেছেন আহমাদ, আরো বর্ণনা করেন বায়হাকী ও ইবনু আবীদ্ দুনিয়া)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ মাহমূদ ইবনে লাবীদ (রহঃ)

🐧 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন